

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
(শিল্প মন্ত্রণালয়)
শিল্প ভবন, এনেক্স বিল্ডিং
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০
www.boiler.gov.bd

পরিদর্শনের জন্য বয়লার প্রস্তুত রাখার নির্দেশাবলী:

- (১) বয়লার খালি এবং ঠান্ডা রাখিতে হইবে।
- (২) বয়লারের ভিতরের ও বাহিরের সমস্ত পাথরিয়া কয়লা পরিষ্কার করিয়া ফেলিতে হইবে।
- (৩) ফ্লু (Flue) সমূহ ঝাটাইয়া পরিষ্কার করিতে হইবে।
- (৪) ম্যানহোল, মাডহোল, নিরাপদ ভাল্ব এবং পরীক্ষা ভাল্ব খুলিয়া ফেলিতে হইবে।
- (৫) অগ্নিবার এবং অগ্নিব্রিজ সরাইতে হইবে এবং আদেশ দেওয়া হইলে পরিদর্শক কর্তৃক নির্দেশিত অন্যান্য স্থান অথবা ফিটিং আপনি সরাইয়া ফেলিবেন।
- (৬) পরিদর্শনের সময় সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত।
- (৭) প্রতিটি বয়লারের অবশ্যই দুইটি নিরাপদ ভাল্ব থাকিবে।
- (৮) উপরোক্ত পন্থায় কোন বয়লার প্রস্তুত রাখা না হইলে ঐ দিন হইতেই ইহার চালন নিষিদ্ধ করা হইবে এবং পরবর্তী পরিদর্শন করার পূর্বে নতুন আবেদন ও ফিস দাখিল করিতে হইবে।

পরীক্ষা সমাধা কল্পে করণীয়-

- (ক) পরিদর্শককে পরীক্ষা কার্যের জন্য সকল যুক্তিযুক্ত সুবিধাদি দিতে হবে এবং যুক্তিসংগতভাবে চাওয়া সব তথ্যাদি প্রদান করিতে হইবে,
- (খ) পরীক্ষার জন্য বয়লারকে যথাযথভাবে প্রস্তুত ও উপযোগী রাখিতে হইবে এবং
- (গ) বয়লার নিবন্ধনের আবেদনের ক্ষেত্রে নকশা, বি-নির্দেশিকা, প্রত্যায়ন পত্র এবং অন্যান্য তথ্যাদি দাখিল করিতে বাধ্য থাকিবেন।